দামুড়হুদায় ইটভাটার পতিত জমিতে আউশধান আবাদের লক্ষ্যে মতবিনিময় সভা

দামুড়হুদায় উদ্বুদ্ধকরণের মাধ্যমে ইটভাটার পতিত জমিতে খরিপ-১ মৌসুমে আউশধান আবাদ বৃদ্ধিতে ইটভাটা মালিকবৃন্দের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকাল ৪টার সময় দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। এসময় তিনি বলেন আমাদের দেশ কৃষি নির্ভর দেশ। দামুড়হুদা উপজেলায় যেসকল ইটভাটা আছে তা ইটের সিজেন ছাড়া বাদবাকি সময় পতিত অবস্থায় পরে থাকে। ওই সকল পতিত জমিতে যদি আউশধান উৎপাদন করা যায় তাহলে আমাদের নিজেদের খাদ্য চাহিদা পূরণ হবে। পাশাপাশি দেশের খাদ্য উৎপাদনে সহায়ক ভূমিকা পালন করবে। গতবছর এই উপজেলায় প্রায় ২৫০ বিঘা ইটভাটার পতিত জমিতে আউশধান চাষ হয়েছিল। এবছর তা বৃদ্ধি পেয়ে প্রায় ৩৫০ বিঘা জমিতে আউশধান চাষ হবে বলে আশা করছি।

শুধুমাত্র দামুড়হুদা উপজেলাতেই নয়, বাংলাদেশের যত ইট ভাটার পতিত জমি আছে সেখানে যদি এই আউশধান চাষ করা হয় তাহলে বাংলাদেশ খাদ্য উৎপাদনে আরো এক ধাপ এগিয়ে যাবে বলে তিনি মনে করেন। ইটভাটার পতিত জমি গুলো ব্যবহার করে তা আউশধান সহ বিভিন্ন লতা জাতীয় চাষের অনুকূলে এনে চাষাবাদ করলে দেশের খাদ্য উৎপাদনে বিরাট ভূমিকা পালন করবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, উপসহকারী কৃষি কর্মকর্তা সাইফুল ইসলাম, বদরুল আলম। উপজেলার ইটভাটার মালিক আমজাদ হোসেন, আ: কাদের, সঞ্জয় কুমার বোস, হাসান আলী, সামসুল হক, মহিউদ্দিন প্রমূখ।